২০১৮

# বাংলা

## প্রথম সেমেস্টার (DODL)

## বাংলা সাহিত্যের ইতিহাস ঃ প্রাচীন ও মধ্যযুগ

### প্রথম পত্র

পূর্ণমান ঃ ৮০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাংলা সাহিত্যে যুগবিভাগের কারণ ও প্রয়োজনীয়তা কোথায়? যুগবিভাগের বিভিন্ন পর্যায় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫+১০=১৫

**অথবা**

শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি কে, কোথা থেকে, কত সালে উদ্ধার করেন? বাংলা সাহিত্যে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির গুরুত্ব নির্ণয় করো। ১+১+১+১২=১৫

২। মঙ্গলকাব্যের সময়সীমা কত ধরা হয়? 'মঙ্গল' শব্দের দুটি অর্থ লেখো। মঙ্গল কাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। 'বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস' গ্রন্থের লেখকের নাম কী? ১+২+১১+১=১৫

**অথবা**

ধর্মমঙ্গল 'রাঢ়ের জাতীয় মহাকাব্য - ঘনরাম চক্রবর্তীর কাব্য আলোচনার মধ্য দিয়ে এই উক্তির যৌক্তিকতা বিচার করো। ধর্মমঙ্গলের আদিকবি কে ছিলেন? ১৪+১=১৫

৩। কয়েকজন প্রসিদ্ধ রামায়ণ অনুবাদকের অনুবাদকর্ম সম্পর্কে আলোচনা করো। ১৫

**অথবা**

বাংলায় রচিত প্রথম চৈতন্যজীবনী কাব্যের রচয়িতা কে? তাঁর কাব্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ লেখো। ১+১৪=১৫

৪। দৌলত কাজী ও সৈয়দ আলাওলের কাব্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১৫

**অথবা**

গীতিকার শ্রেণিবিভাগ করে যে কোনো একটি গীতিকা সম্পর্কে আলোচনা করো। ১৫

৫। টীকা লেখো (যে কোনো **চারটি**) ঃ ৫×৪=২০

ক) বঙ্গলিপি অথবা চর্যাচর্যবিনিশ্চয়

খ) বিজয় গুপ্ত অথবা কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী

গ) গুণরাজ খাঁ অথবা অভিনব জয়দেব

ঘ) ছড়া অথবা ধাঁধা

---

২০১৮

# বাংলা

## প্রথম সেমেস্টার (DODL)

## বাংলা সাহিত্যের ইতিহাস ঃ আধুনিক যুগ (১৭৬১-১৯৭০)

## দ্বিতীয় পত্র

পূর্ণমান ঃ ৮০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাংলা গদ্যের ভিত প্রতিষ্ঠা হয়েছিল পর্তুগীজ মিশনারীদের হাতে, তাঁদের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১৫

অথবা

ঊনবিংশ শতাব্দীতে বাংলা গদ্যের সৃষ্টি ও বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো। ১৫

২। বাংলা গদ্যের বিবর্তনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করো। ১৫

অথবা

বাংলা প্রবন্ধ সাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো। ১৫

৩। 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পত্রিকা পর্যন্ত প্রধান প্রধান সাময়িক পত্রিকাগুলির পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের বিবর্তনে তাদের পরিচয় দাও। ১৫

[Turn over]

**অথবা**

বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' আখ্যা দেওয়ার পেছনে যে দর্শন কাজ করেছে তা বিশদ করো। ১৫

৪। কবি জীবনানন্দ দাশ অথবা কবি বিষ্ণু দে'র কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

**অথবা**

গল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা কথাসাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব নিরূপণ করো। ১৫

৫। টীকা লেখো (যে-কোনো **চারটি**) ঃ ৫×৪=২০

ক) শ্রীরামপুর মিশন **অথবা** মনোএল-দ্য-আসসুম-সাম

খ) স্বামী বিবেকানন্দ **অথবা** প্রমথ চৌধুরী

গ) দীনবন্ধু মিত্র **অথবা** রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

ঘ) বলাকা পর্ব **অথবা** প্রাক-বঙ্কিম নকশা

---

# ২০১৮

# বাংলা

## প্রথম সেমেস্টার (DODL)

## (বাংলা ভাষাতত্ত্ব)

## তৃতীয় পত্র

পূর্ণমান ঃ ৮০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাগ্‌যন্ত্র কী? বাগ্‌যন্ত্রের উল্লেখযোগ্য অংশ কোন্‌গুলি? রেখাচিত্রসহ সেগুলির বিবরণ দিয়ে বুঝিয়ে দাও খাওয়ার সময় কথা বলা অবৈজ্ঞানিক। ১+৩+৮+৩=১৫

অথবা

প্রাচীন বাংলা ভাষার সময়কাল কত? এই পর্বের বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শনগুলি উল্লেখ করো। এই পর্বের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১+২+১২=১৫

২। ঐতিহাসিক, বর্ণনামূলক ও তুলনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

বাংলা ভাষায় অনার্য প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫

৩। বিশেষ্য বলতে কি বোঝ? শ্রেণিবিভাগ করে উদাহরণসহ বিশেষ্যের স্বরূপ বুঝিয়ে দাও। ২+১৩=১৫

অথবা

স্যার আব্রাহাম নোয়াম চমস্কির রূপান্তরমূলক সৃজনমূলক ব্যাকরণ বলতে কী বোঝ? এই ব্যাকরণের বৈশিষ্ট্যাবলী লিখে ভাষার সঞ্জনন প্রক্রিয়া বুঝিয়ে দাও। ২+৪+৯=১৫

৪। বাংলা ভাষাতত্ত্ব চর্চায় রবীন্দ্রনাথের অবদান লিপিবদ্ধ করো। ১৫

অথবা

কোনো ভাষাকে IPA-তে রূপান্তরিত করার সাধারণ শর্তগুলি বিশ্লেষণ করো। আরণ্যক, পদ্মলোচন, রাজকন্যা, ভারতচন্দ্র, মৃত্যু কল্যাণী বিশ্ববিদ্যালয়, কোলকাতা, নগরকীর্তন, বঙ্কিমচন্দ্র, আক্রান্ত, রূপান্তর, সত্তা, নিশ্চয়, সরবরাহ, দক্ষিণপাড়া— উল্লিখিত শব্দগুলিকে IPA-তে লিপ্যন্তর করে দেখাও। ৭+৮=১৫

৫। সংক্ষীপ্ত টীকা লেখো ঃ ৫×৪=২০

ক) ভাষার বৈশিষ্ট্যাবলী আলোচনা করো।

অথবা

আধুনিক বাংলার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য।

খ) বাংলা ধ্বনিতত্ত্ব (Phonology)।

অথবা

বাংলা শব্দার্থতত্ত্ব (Semantics)।

গ) অব্যয়ের শ্রেণিবিভাগ করে বুঝিয়ে দাও।

অথবা

বাংলা সংবাদপত্রের ভাষার ব্যবহারিক দিকটি আলোচনা করো।

ঘ) ভাষাবিজ্ঞান চর্চায় সুকুমার সেন।

অথবা

বিজ্ঞাপনী ভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

# ২০১৮
# বাংলা
## প্রথম সেমেস্টার (DODL)
## চতুর্থ পত্র
## প্রাচীন ও মধ্যযুগের বাংলা কাব্য - কবিতা

পূর্ণমান ঃ ৮০ সময় ঃ ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। পঠিত চর্যাগুলি অনুসরণে চর্যাগানগুলিতে প্রতিফলিত সমাজ জীবনের পরিচয় দাও। ১৫

অথবা

'কাহেরি ঘিনি মেলি' ও 'বাজণাব পাড়ী'—শীর্ষক চর্যাপদ দুটির বাচ্যার্থ ও রূপকার্থ বিশ্লেষণ করে কয়েকটি শব্দের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য চিহ্নিত করো। ১৫

২। "বড়ু চন্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' আদি-মধ্যযুগের বাংলা ভাষা ও সাহিত্যের একটি নির্ভরযোগ্য দলিল।"—আলোচনা করো। ১৫

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ'—অংশ অবলম্বনে কৃষ্ণ চরিত্র বিশ্লেষণ করো। ১৫

(পরের পাতায়)

৩। বিদ্যাপতি বাঙালি না হয়েও, বাংলা ভাষায় না লিখেও কীভাবে বাংলা সাহিত্যের অর্ন্তভুক্ত হলেন, তা বিস্তৃতভাবে আলোচনা করো। ১৫

**অথবা**

বাংলা-ব্রজবুলি মিশ্রিত পদাবলী রচনায় গোবিন্দদাসের কৃতিত্ব নিরূপণ করো। ১৫

৪। মঙ্গলকাব্যের ধারায় মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'-এর গুরুত্ব কতটা সে বিষয়ে নিজের মতামত লিপিবদ্ধ করো। ১৫

**অথবা**

'চণ্ডীমঙ্গল' কাব্যের চরিত্র নির্মাণে কবি মুকুন্দ চক্রবর্তী কতদূর সার্থক হয়েছেন তা পর্যালোচনা করো। ১৫

৫। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (যে-কোনো **চারটি**) : ৫×৪=২০

ক) সোনে ভরিতী করুণা নাবী।
রূপা থোই নাহিক ঠাবী।।

**অথবা**

টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীত ভাত নাহি নিতি আবেশী।।

খ) এ ধন যৌবন বড়ায়ি সবঈ আসার।
ছিণ্ডিআঁ পেলাইবোঁ গজমুকুতার হার।।

**অথবা**

শকতী না কর বড়ায়ি বোলোঁ মো তোহ্মারে।
জায়িতেঁ না ফুরে মন নাম শুনী তারে।।

গ) এমন পিরীতি কভু নাহি দেখি শুনি।
পরাণে পরাণে বান্ধা আপনা আপনি।।

**অথবা**

রূপলাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।

ঘ) শকে রস রসে বেদ শশাঙ্ক গণিতা।
কতদিনে দিলা গীত হরের বণিতা।।

**অথবা**

দুঃখ করো অবধান, দুঃখ করো অবধান।
আমানি খাবার গর্ত দেখো বিদ্যমান।।

---